

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১২৮.১৯.১৩৭

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬

২৫ জুলাই ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১৭৩/২০১৯ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রুল নিশি জারির আদেশ, তারিখ: ২০.০১.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব কাজী জহিরুল ইসলাম, পিতা: মৃত কেরামত আলী, রেনুয়ারা মঞ্জিল, ভৈরবপুর উত্তর পাড়া, ডাক: ভৈরব বাজার-২৩৫০, ভৈরব পৌরসভা, জেলা: কিশোরগঞ্জ এবং অধ্যক্ষ, মৌলভী কেরামত আলী বহুমুখী আলিম মাদরাসা, আকবরনগর, ডাক: কালিকাপ্রসাদ, থানা এবং উপজেলা: ভৈরব, জেলা: কিশোরগঞ্জ কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৭৩/২০১৯ মামলা দায়ের করা হয়েছে।

০২. মামলাটির রুল নিশি জারির আদেশ পর্যালোচনা করে দেখা যায় যে, রিট আবেদনকারী জনাব কাজী জহিরুল ইসলাম কর্তৃক কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৩১১৭ (অংশ)-১৬৩, তারিখ: ২৬ জুন, ২০১৮ খ্রি:-কে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন নং-১৭৩/২০১৯ মামলাটি দায়ের করা হয়। রুল নিশির বর্ণনামতে স্মারক পত্রটিতে এমপিওর বকেয়া প্রদান বিষয়ে “ তবে শর্ত থাকে যে, আলিম স্তরের শিক্ষকগণের কোন বকেয়া প্রদান করা যাবেনা” মর্মে উল্লেখ রয়েছে। সেমতে স্মারক পত্রটিকে তর্কিত আখ্যায়িত করা হয়েছে এবং মামলাটি দায়ের করা হয়েছে।

০৩. উক্ত রিট পিটিশন মামলায় সচিব, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়কে ১ নং রেসপনডেন্ট; চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডকে ২ নং রেসপনডেন্ট এবং মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৬ (ছয়) জনকে রেসপনডেন্ট করা হয়েছে।

০৪. মামলাটিতে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা করার লক্ষ্যে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ যেমন-

ক. জবাব (*Affidavit in opposition*) তৈরীসহ তা মহামান্য হাইকোর্টে দাখিল,

খ. সরকার পক্ষে জবাব তৈরীর জন্য কি কি তথ্য প্রমাণ মহোদয়কে সরবরাহ করা প্রয়োজন,

গ. কবে নাগাদ এ মামলার জবাব (*Affidavit in opposition*) তৈরীক্রমে মহামান্য হাইকোর্ট বিভাগে দাখিল করা সম্ভব হবে ?

ঘ. মামলাটি বিষয়ে সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতা এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আর কী কী তথ্য/প্রমাণ/ কার্যক্রম গ্রহণ প্রয়োজন ?

০৫. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৭৩/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (*Affidavit in opposition*) তৈরীসহ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপরিউক্ত মতে তথ্য (প্রমাণকসহ) আগামী ৩০.০৮.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন

এ্যাডভোকেট এস.কে শফিক মাহমুদ পুষ্প, বিজ্ঞ আইনজীবী,  
বাংলাদেশ সুপ্রীম কোর্ট

সংযুক্ত কর্মকর্তা (আইন)

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.১২৮.১৯.১৩৭/১(৭)

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৬  
২৫ জুলাই ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) সিস্টেম এ্যানালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্ম-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৭) অফিস কপি/ মাস্টার কপি, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।



২৫-৭-২০১৯

ড. মো: মহাতাব হোসেন  
সংযুক্ত কর্মকর্তা (আইন)